

Total No. of Printed Pages—7

2 SEM FYUGP BNL C2

2024

(May/June)

BENGALI

(CORE)

Paper : BNLC2

(আধুনিক বাংলা কাব্য সাহিত্য)

Full Marks : 80

Pass Marks : 24

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(কাব্য সাহিত্যের ধারা)

১। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

(ক) 'বৃন্দ্রসংহার' কাব্যটি কোন্ কবির রচিত?

(খ) মানকুমারী বসু রচিত একটি কাব্যের নাম লেখো।

(গ) যে কোনো একজন কবিওয়ালার নাম লেখো।

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ৪×২=৮

(ক) কবি ঈশ্বরচন্দ্র গুপ্তকে কেন যুগ সন্ধিক্ষণের কবি বলা হয়? তাঁর কবি-প্রতিভার পরিচয় দাও।

(2)

- (খ) নবীনচন্দ্র সেনের কবি-প্রতিভা বৈচিত্র্যময়। তাঁর রচিত কাব্যগুলি উল্লেখ করে তাঁর সাহিত্য-প্রতিভা সংক্ষেপে আলোচনা করো।
- (গ) উনিশ শতকের দ্বিতীয়ার্ধে প্রতিষ্ঠিত বল্লের মহিলা কবিদের মধ্যে কামিনী রায়-সর্বজন পরিচিত। কবির কৃতিত্বের পরিচয় দাও।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) বাংলা মধুসূদন দত্তের আবির্ভাবের সঙ্গে সঙ্গে বাংলা শতধারায় উচ্ছ্বসিত হয়। তাঁর রচিত কাব্যগুলি উল্লেখ করে আলোচনা কর।
- (খ) কবি রবীন্দ্রনাথের প্রতিভাসহ তাঁর বিভিন্ন পর্বে রচিত কাব্যগুলি পর্যালোচনা করো।

দ্বিতীয় একক

(কাব্য সাহিত্যের খারা)

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) সত্যেন্দ্রনাথকে ‘ছন্দের জাদুকর’ বলে কে সম্বোধন করেছিলেন?
- (খ) ‘ছাড়পত্র’ কাব্যগ্রন্থটি কোন্ কবির রচনা?
- (গ) বিষ্ণু দেব একটি কাব্যের নাম লেখো। সমর সেনের কবিতায় গ্রাম্য জীবনের কথা না শহুরে জীবনের কথা প্রাধান্য পেয়েছে তা উল্লেখ করো।

(3)

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ৪×২=৮

- (ক) কবি সত্যেন্দ্রনাথের কাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- (খ) কবি সুধীন্দ্রনাথ দত্তের কবিতায় একাধারে নাগরিক জীবনের ছবি ও প্রেমের যে চিত্র প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও।
- (গ) রবীন্দ্র-পরবর্তী যুগের প্রগতিশীল কবিদের মধ্যে সুকান্ত ভট্টাচার্য সর্বকনিষ্ঠ। তাঁর কবিত্ব শক্তির পরিচয় দাও।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) “রবীন্দ্রনাথকে বাদ দিলে বিশ শতকের বিশ-ত্রিশের দশকের সবচেয়ে প্রতিবাদী-বিদ্রোহী ও সমাজ-সচেতন কবি কাজী নজরুল ইসলাম।” মন্তব্যটি বিশ্লেষণ করো।
- (খ) রবীন্দ্র সমকালে জয়গ্রহণ করেও রবীন্দ্র-চিন্তার অনুসরণ না করে নতুন ধারার পথপ্রদর্শক কবি জীবনানন্দ দাশ— আলোচনা করো।

তৃতীয় একক

(মেঘনাদবধ কাব্য)

৭। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : ১×২=২

- (ক) ‘মেঘনাদবধ কাব্য’টি কত সালে প্রকাশিত হয়?
- (খ) মেঘনাদের ইষ্টদেবতার নাম কী?
- (গ) ‘মেঘনাদবধ কাব্য’-এর ষষ্ঠ সর্গটির নাম কী?

(4)

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $8 \times 2 = 16$

- (ক) চিত্রাঙ্গদা কে? তার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (খ) লক্ষণ কীভাবে মেঘনাদের যজ্ঞাগারে প্রবেশ করেছিলেন তার বর্ণনা দাও।
- (গ) “রক্ষ:কুলে যেমন রাবণ শ্রেষ্ঠ, নরকুলে রামও ঠিক তেমনই। কুক্ষণে এই দুই শক্তিমান ও গুণমান ব্যক্তি পরস্পরের শত্রুরূপে আবির্ভূত হয়েছিল।” উক্তিটি কাব্যের উদ্দেশ্য করে বলেছেন এবং কোন প্রসঙ্গে বলেছেন?

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 10

- (ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বর্ণনা করো।
- (খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর ষষ্ঠ সর্গ অবলম্বনে বিভীষণ চরিত্রটি বর্ণনা করো।

অথবা

(কাজী নজরুল ইসলাম)

১০। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$

- (ক) কবি নজরুল ‘সর্বহারা’ কবিতাটি কত সালে রচনা করেন?

(5)

(খ) ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

- (গ) “বল বীর—
বল উন্নত মম শির!”
পংক্তিটি কোন কবিতার অন্তর্গত?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $8 \times 2 = 16$

- (ক) নজরুলের কাব্যের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (খ) ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতাটির মধ্য দিয়ে কবির যে বিশেষ মানসিকতা ও অনুভূতি প্রকাশ পেয়েছে তা লেখো।
- (গ) ‘আমার কৈফিয়ৎ’ কবিতাটির মধ্য দিয়ে কবি যে সমসাময়িক সামাজিক অবস্থা, রাজনৈতিক হতাশার চিত্র প্রতিফলিত করেছেন তা উল্লেখ করো।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : 10

- (ক) ‘বিদ্রোহী’ কবিতাটির মধ্য দিয়ে যে রাজনৈতিক চেতনা ও বিদ্রোহের দীপ্তি প্রকাশ পেয়েছে তা লেখো।
- (খ) ‘সর্বহারা’ কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই কবিতায় যেমন রয়েছে প্রকৃতির রোষ, তেমনি রয়েছে ধনবাদী সমাজব্যবস্থা; সর্বহারাদের জীবন থেকে সবকিছু ছিনিয়ে নেবার চেষ্টা। আলোচনা করো।

চতুর্থ একক

(জীবনানন্দ দাশ-বনলতা সেন)

১৩। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $1 \times 2 = 2$

- (ক) 'ঘাস' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থ থেকে গৃহীত হয়েছে?
- (খ) বনলতা সেনের চোখের সঙ্গে কীসের তুলনা করেছেন কবি?
- (গ) "তোমার কামার সুরে বেতের ফলের মতো তার
মান চোখ মনে আসে ;
বীর রাজা রাজকন্যাদের মতো সে যে চলে গেছে
রূপ নিয়ে দূরে ;

আবার তাহারে কেন ডেকে আনো? কে হয়
হৃদয় খুঁড়ে
বেদনা জাগাতে ভালোবাসে।"

পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত?

১৪। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দুটি) : $8 \times 2 = 16$

- (ক) 'ঘাস' কবিতায় কবির প্রকৃতির প্রতি যে গভীর ভালোবাসা প্রকাশ পেয়েছে তা লেখো।
- (খ) 'কুড়ি বছর পরে' কবিতাটির মূলভাব প্রকাশ করো।
- (গ) "যেন সব অঙ্কার সমুদ্রের ক্লাস্ত নাবিকেরা
মক্ষিকার গুঞ্জনের মতো এক বিহুল বাতাসে
ভূমধ্যসাগরলীন দূর এক সভ্যতার থেকে
আজকের নব সভ্যতায় ফিরে আসে ;
তুমি সেই অপরাধ সিন্ধু রাত্রি মৃতদের রোল
দেহ দিয়ে ভালোবেসে, তবু আজ ভোরের কল্লোল।"
- পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে? পংক্তিটির অর্থ বুঝিয়ে লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) 'বনলতা সেন' কবিতায় প্রকৃতি-প্রেম ও ইতিহাস-চেতনা যেভাবে প্রকাশ পেয়েছে তা আলোচনা করো।
- (খ) 'সুচেতনা' কবিতা অবলম্বনে জীবনানন্দের আশা-আকাঙ্ক্ষা ও সমাজচেতনার পরিচয় দাও।
